আল্লাহর কসম! তোমরা যে কেউ অন্যায় পন্থায় কোন কিছু গ্রহণ করবে, সে কিয়ামতের দিন তা বয়ে নিয়ে আল্লাহর সামনে উপস্থিত হবে

আবূ হুমায়দ সা’ঈদী রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লুতাবিয়্যা নামে এক লোককে বানী সুলায়ম গোত্রের যাকাত আদায়কারী নিয়োগ করলেন। যখন সে ফিরে আসল তখন তিনি তার নিকট হতে হিসাব-নিকাশ নিলেন। সে বলল, এগুলো আপনাদের মাল, আর এগুলো (আমাকে দেয়া) হাদিয়া। তখন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ যদি তুমি সত্যবাদী হয়ে থাক তাহলে তোমার মা-বাবার ঘরে বসে থাকলে না কেন? সেখানেই তোমার কাছে হাদিয়া পৌঁছে যেত। এরপর তিনি আমাদের উদ্দেশে ভাষণ দিলেন। আল্লাহর প্রশংসা ও গুণ বর্ণনা করার পর তিনি বললেনঃ আমি তোমাদের কাউকে এমন কোন কাজে নিয়োগ করি, যার তত্ত্বাবধায়ক হিসেবে আল্লাহ্ আমাকে মনোনীত করেছেন। কিন্তু সে কাজ করে এসে বলে, এ হল তোমাদের মাল আর এ হলো আমাকে দেয়া হাদিয়া। তাহলে সে কেন তার মা-বাবার ঘরেই বসে থাকল না, সেখানে এমনিতেই তার কাছে তার হাদিয়া পৌঁছে যেত? আল্লাহর কসম! তোমরা যে কেউ অন্যায় পন্থায় কোন কিছু গ্রহণ করবে, সে কিয়ামতের দিন তা বয়ে নিয়ে আল্লাহর সামনে উপস্থিত হবে। আমি তোমাদের কাউকে ভালভাবেই চিনব যে, সে আল্লাহর কাছে উপস্থিত হবে উট বহন করে; আর উট
আওয়াজ দিতে থাকবে। অথবা গাভী বহন করে, আর সেটা ডাকতে থাকবে। অথবা বক্রী বহন করে, আর
সেটা পায়খানা করতে থাকবে। তারপর তিনি আপন হাত দু’টি এতদূর উত্তোলন করলেন যে তাঁর
বগলের শুভ্রতা দেখা যাচ্ছিল। তিনি বললেনঃ হে আল্লাহ্! আমি কি পৌঁছে দিয়েছি? আমার দু’চোখ সে অবস্থা দেখেছে এবং আমার কান শুনেছে। [সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বনু সালিম গোত্র থেকে যাকাত আদায়ের জন্য ইবনে আল-লাতিবিয়া নামে এক ব্যক্তিকে নিয়োগ করেছিলেন। যখন তিনি মদিনায় ফিরে আসেন, তখন তিনি যা গ্রহণ করেছেন এবং যা ব্যয় করেছেন তার হিসাব গ্রহণ করলেন। ইবনু আল-লাতিবিয়া বলেন: এটা আপনাদের সম্পদ যা আমি যাকাত থেকে সংগ্রহ করেছি আর এই সম্পদ আমাকে উপহার হিসেবে দেওয়া হয়েছে। ফলে তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন: তুমি কেন তোমার পিতামাতার ঘরে বসে থাকলে না, যদি তোমরা সত্যবাদী হও, তাহলে দেখতে পেতে তোমাদের হাদিয়া দেওয়া হয় কিনা? তুমি যে হকের (যাকাতের) জন্য কাজ করেছো, সেটাই হলো তোমাকে উপহার দেওয়ার কারণ। আর যদি তুমি তোমার ঘরে থাকতে, তাহলে তোমাকে কিছুই দেওয়া হতো না, তাই শুধু উপহার হিসেবে তোমার কাছে পৌঁছেছে বলেই এটাকে জায়েয মনে করা উচিত নয়। তারপর তিনি সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম রাগান্বিত অবস্থায় খুতবা দেওয়ার জন্য মিম্বরে আরোহণ করলেন। তিনি আল্লাহর প্রশংসা করলেন এবং তাঁকে কৃতজ্ঞতা জানালেন, তারপর বললেন: অতঃপর, আমি তোমাদের মধ্য থেকে একজনকে যাকাত ও গণিমতের সম্পদ আদায়ে কর্মী ও দায়িত্বশীল হিসেবে নিযুক্ত করি, যার ওপর কর্তৃত্ব করার অধিকার আল্লাহ আমাকে দিয়েছেন, তারপর সে তার কাজ থেকে ফিরে এসে বলে: এটা তোমাদের জন্য আর এটা আমার আমার হাদীয় যা আমাকে হাদীয় হিসেবে দেয়া হয়েছে! সে তার বাবা-মায়ের বাড়িতে বসে থাকল না কেন? যাতে তার হাদিয়া ঘরে চলে আসতো? আল্লাহর কসম, কেউ যদি অন্যায়ভাবে কিছু গ্রহণ করে, তবে কিয়ামতের দিন সে তা ঘাড়ে বহন করে আল্লাহর সাথে দেখা করবে, তার গ্রহণ করা প্রাণী যদি উট হয় তার গর্জন থাকবে, অথবা গরু হয় তার হুংকার থাকবে,

অথবা ভেড়া হয় তার চিৎকার থাকবে। তারপর তিনি তাঁর হাত এত উঁচু করলেন যে সেখানে বসে থাকা লোকেরা তাঁর বগলের সাদা অংশ দেখতে পেল, তারপর বললেন: হে আল্লাহ, আমি আপনার হুকুম তাদের কাছে পৌঁছে দিয়েছি। এরপর আবু হামিদ আস-সাঈদী রাদিয়াল্লাহু আনহু বললেন: এটা এমন সংবাদ যা তার চোখ দেখেছে এবং তার কান শুনেছে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/5791